

প্রেস বিজ্ঞপ্তি

অস্ট্রেলিয়া আওয়ামী লীগ

সিডনিতে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন ও বিজয় দিবসের প্রাক্কালে
সাংবাদিকদের সাথে অস্ট্রেলিয়া আওয়ামী লীগের মত বিনিময় সভা অনুষ্ঠিত।

গতকাল ৩ ডিসেম্বর ২০১৭ সিডনির একটি রেস্টোরায় অস্ট্রেলিয়া আওয়ামী লীগের পক্ষ থেকে
সাংবাদিকদের সাথে মত বিনিময় সভার আয়োজন করা হয়।

সভার শুরুতেই শ্রদ্ধার সাথে স্বাংলাদেশের স্বীকৃতি, জাতির জনক এবং হাজার বছরের শ্রেষ্ঠ বা
ঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ একাত্তরের মুক্তিযুদ্ধে শহীদ ত্রিশ লক্ষ শহীদদের প্রতি শ্রদ্ধা
জানিয়ে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। সভার শুরুতে সংগঠনের সাধারণ সম্পাদ
ক ড. আবুল হাসনার মিল্টন তার সূচনা বক্তব্যে বলেন,

‘বঙ্গবন্ধু শেখ মুজিব উনিশশো একাত্তরের সাতই মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে যে ঐতিহাসিক
ভাষণটি প্রদান করেছিলেন, ইতিমধ্য যা বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ রাজনৈতিক ভাষণহিসেবে স্বীকৃ
তি লাভ করেছে, আপনারা জানেন সম্প্রতি ইউনেস্কোও সেই ভাষণটিকে বিশ্ব ঐতিহ্যের অংশ
(world documentary

heritage) হিসেবে স্বীকৃতি দিয়েছো যে ভাষণটিবাঙালিকে স্বাধীনতার লক্ষ্য চূড়ান্তভাবে উ^১
জ্ঞীবিত করেছিল, যে ভাষণটির পরতে পরতে মিশে আছে বঙ্গবন্ধুর রাজনৈতিক মুসিয়ানা, সেই
ভাষণটির আন্তর্জাতিক স্বীকৃতির এইমাহেন্দ্রক্ষণে আমরাও গর্বিত এবং অস্ট্রেলিয়া আওয়ামী লী
গের পক্ষ থেকে আপনাদের মাধ্যমে অস্ট্রেলিয়া বিশ্ববাসী সকল বাঙালির সাথে এই আনন্দ, এই
অহংকারটুকু ভাগ করেনিছি। বঙ্গবন্ধুর ভাষণের এই আন্তর্জাতিক স্বীকৃতি বঙ্গবন্ধুর আদর্শের এক
জন সামান্য কর্মী হিসেবে তাঁর আদর্শ বাস্তবায়নে আমাদের আরো বেশী অনুপ্রাণিত করবে বলেই
আমাদের দৃঢ় বিশ্বাস। বঙ্গবন্ধু কন্যা, জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের চলমান উন্নয়ন
ন্যাত্মায় প্রবাসী বাঙালি হিসেবে আমরাও কার্যকর ভূমিকা রাখতে চাই।’ সভায় উপস্থিত সাংবাদিকদের
ক্ষেত্রে আরো জানানো হয় যে বাংলাদেশের একাত্তরের মুক্তিযুদ্ধের বিজয়কে উদ্যাপন করবার
লক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর রকডেলের বনলতা রেস্টুরেন্টেরফাংশন সেন্টারে অস্ট্রেলিয়া আও

যামী লীগের পক্ষ থেকে এক আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে সিডনির সকল বাঙালিকে আমন্ত্রণ জানানো হয়েছে। মত বিনিময় সভায় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন অস্ট্রেলিয়া আওয়ামী লীগ নেতৃবৃন্দ।

মত বিনিময় সভায় যোগ দেবার জন্য উপস্থিত সকল সাংবাদিককে অস্ট্রেলিয়া আওয়ামী লীগের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। আগামীতেও নানাবিধ সামাজিক-
রাজনৈতিক কর্মকাণ্ডে বরাবরের মতই সাংবাদিকদের সহযোগিতাও কামনা করা হয়। আমাদের বা-
রবার দেখা হবো আপনারা ভাল থাকবেন। সভাশেষে সকলে এক প্রীতি নেশভোজে অংশগ্রহণ
করেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে খুলনার আওয়ামী লীগ নেতা ও বঙ্গবন্ধুর স্নেহধন্য জ-
নাব এম এইচ মোস্তফা উপস্থিত ছিলেন।

সভায় সাংবাদিক হিসেবে উপস্থিত ছিলেন এসবিএস বাংলা রেডিও-
র চীফ আবু রেজা আরেফীন, দেশ বিদেশ পত্রিকার সম্পাদক বদরুল আলম, বাংলা-
বার্তা পত্রিকার সম্পাদক আসলাম মোল্লা, বিদেশ বাংলা টিভি'র চীফ রহমতুল্লাহ, মুক্তমঞ্চ পত্রিকার
সম্পাদক নোমান শামিম, স্বাধীন কষ্ট পত্রিকা ও বাংলা কথা অনলাইন পত্রিকার সম্পাদক আব্দুল
আউয়াল, যমুনা টিভি'র হাসান তারিক, এনটিভি'র চঞ্চল চৌধুরী, চ্যানেল আই টিভি'র আসওয়া-
দ বাবু, সময় টিভি'র আমিনুল ইসলাম রুবেল, নবধারা অনলাইন পত্রিকার সম্পাদক আবুল কালাম
আজাদ খোকন, সিডনিবাসী বাংলা অনলাইন পত্রিকার সম্পাদক আব্দুল মতিন।

অস্ট্রেলিয়া আওয়ামী লীগের পক্ষে মত বিনিময় সভায় অংশগ্রহণ করেন সংগঠনের সভাপতি ড
. আব্দুর রাজ্জাক, সহ-

সভাপতি মুক্তিযোদ্ধা এনায়েতুর রহিম বেলাল, মো: শাহেআলম, এমদাদ হক, হারনুর রশীদ,
ফয়সাল মতিন, আলাউদ্দিন অলোক, জুয়েল তালুকদার, ড. মইনুল হক পাভেল, সাইফুল ইস-
লাম, জাকির হোসেন প্রধানীয়া, মুইদুর রহমাননবীন, জামির আহমেদ, মহিউদ্দিন মহি, ওমর ফা-
রুক পলাশসহ অন্যান্য নেতৃবৃন্দ।

বার্তা প্রেরক

জুয়েল তালুকদার

প্রচার সম্পাদক, অস্ট্রেলিয়া আওয়ামী লীগ

